



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শারীরিক শিক্ষা বিভাগ  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১২.৬৫.০৪.২০১৫/৩৩৬৪

তারিখ : ২৩ জুলাই ২০২৫ খ্রি.

**বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল স্কুল ও কলেজে স্কাউট ও রোভার স্কাউট কার্যক্রম গতিশীল  
করণ।**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউট ও রোভার স্কাউট কার্যক্রম গতিশীল  
করতে নিম্নোক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ০১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল স্কুল ও কলেজে স্কাউট ও রোভার স্কাউট কার্যক্রম গতিশীল  
করতে হবে। নিয়মিত ট্রুপ মিটিং ও ক্রু মিটিং পরিচালনা করতে হবে।
- ০২। প্রতিষ্ঠান প্রধানগণ ইউনিট গঠন, প্রশিক্ষণ এবং সেবামূলক কার্যক্রমের ত্রৈমাসিক রিপোর্ট পরবর্তীমাসের ৫ তারিখের  
মধ্যে মাউশি সংশ্লিষ্ট আঞ্চলিক অফিসে প্রেরণ করবেন এবং আঞ্চলিক অফিস ১০ তারিখের মধ্যে পূর্ববর্তী ত্রৈমাসিক  
রিপোর্ট [rovscout25@gmail.com](mailto:rovscout25@gmail.com) মেইলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রেরণ করবেন।
- ০৩। স্কাউট/রোভার/গার্ল ইন স্কাউট অথবা রোভার তহবিলের আদায়কৃত ফি আলাদা প্রতিষ্ঠান প্রধান ও স্কাউট  
লিডার/রোভার লিডার এর যৌথ স্বাক্ষরে উত্তোলনপূর্বক শুধুমাত্র স্কাউট কার্যক্রমেই ব্যয় করতে হবে। এছাড়াও  
শিক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত ফি সরকারি পরিপত্র অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা স্কাউটস, জেলা স্কাউটস, জেলা  
রোভার স্কাউটস এ আবশ্যিক ভাবে নিয়মিত পরিশোধ করতে হবে।
- ০৪। রোভার লিডার/স্কাউট লিডার এক বছরের জন্য কার্যক্রমের পরিকল্পনা তৈরী করে সংশ্লিষ্ট গ্রুপ কমিটির অনুমোদন  
নিয়ে সে অনুযায়ী কার্যক্রম পরিচালনা করবেন। কার্যক্রম সঠিকভাবে পরিচালনা হচ্ছে কিনা তা প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত  
করবেন।
- ০৫। কোন শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউট/রোভার লিডার না থাকলে প্রতিষ্ঠান প্রধান অতিশীঘ্রই সংশ্লিষ্ট জেলা/অঞ্চলে যোগাযোগ  
করে ব্যবস্থা গ্রহণ করবেন।
- ০৬। শিক্ষাশ্রানে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য স্বেচ্ছাসেবক হিসেবে স্কাউট ও রোভারদের সম্পৃক্ত করতে হবে।
- ০৭। প্রতিষ্ঠান প্রধানগণ স্কাউটিং এবং রোভার স্কাউটিং কার্যক্রমের একটি বার্ষিক রিপোর্ট তৈরি করে জানুয়ারি ৩১  
তারিখের মধ্যে মাউশি আঞ্চলিক অফিসে প্রেরণ করবে এবং আঞ্চলিক অফিস ফেব্রুয়ারির মধ্যে মাউশিতে এই  
মেইলে [rovscout25@gmail.com](mailto:rovscout25@gmail.com) প্রেরণ করবে।

২৩ জুলাই ২০২৫

(মো: শহিদুল ইসলাম)

উপপরিচালক, শারীরিক শিক্ষা  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা

- ০১। পরিচালক (আঞ্চলিক)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)
- ০২। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ০৩। প্রতিষ্ঠান প্রধান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের  
আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান)

**অবলম্বিত ও প্রয়োজনীয় কার্যার্থে:**

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ০২। উপপরিচালক (আঞ্চলিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ০৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মহাপরিচালক  
মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। সংরক্ষণ নথি।